

বাজেট বিষয়ক তিনটি বইয়ের প্রকাশনা উৎসব আজ

নিজস্ব বার্তা পরিবেশক : মঙ্গলবার অর্থনীতিবিদ ড. আতিউর রহমানের বাজেট বিষয়ক গবেষণা সিরিজ প্রকাশিত হতে যাচ্ছে। বিকেল ৩টার সিরজাপ মিলনায়তনে এক অনুষ্ঠানের মাধ্যমে সিরিজটি প্রকাশিত হবে।

সোমবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে যৌথ সাংবাদিক সম্মেলনে একথা জানান হয়।

ইনস্টিটিউট ফর ডেভেলপমেন্ট পলিসি অ্যান্ড অ্যাডভোকেসি (ইউপিএ), প্রিন্সিপাল সন্মুখ ও দি ইউনিভার্সিটি প্রেস মিটিং (ইউপিএল) যৌথভাবে এ সাংবাদিক সম্মেলনের আয়োজন করে।

সন্মুখের চেয়ারম্যান ও গবেষণা পরিচালনাকারী দলের প্রধান ড. আতিউর রহমান, প্রিন্সিপাল সিনিয়র জাইস প্রেসিডেন্ট মাহবুব-উল করিম, ইউপিএল-এর ব্যবস্থাপনা পরিচালক মহিউদ্দিন আহমদ এবং পলিসি কমিউনিকেশন ডিপার্টমেন্টের প্রধান শমস তাবেক চৌধুরী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

সাংবাদিক সম্মেলনে ড. আতিউর রহমান বলেন, যাদের জন্যে বাজেট তৈরি করা হয় তাদের যদি অংশগ্রহণ থাকে তাহলে বাজেট সব থেকে বেশি কার্যকর হয়। বইগুলো বাজেট প্রণয়নে উপকরণ হিসেবে কাজ দেবে। আমরা জনগণের অংশগ্রহণের মাধ্যমে গবেষণা কাজ করেছি। এক প্রস্তুত জ্বাবে তিনি বলেন, আমাদের সুপারিশের ফলে বাজেটে দারিদ্র্য বিমোচনের জন্য খোক বরাদ্দ রাখা শুরু হয়েছে। কৃষিতে ভর্তুকি বাড়িয়ে দেয়া হয়েছে।

বাংলাদেশে এ ধরনের গবেষণা এটাই প্রথম বলে দাবি জানানো হয়।

ইউপিএল প্রকাশিত বই তিনটি হচ্ছে 'দি বাজেট অ্যান্ড দি পুওর', 'দি বাজেট মেকিং প্রোসেস' এবং 'পিপলস বাজেট'। ইংরেজিতে লিখিত বইয়ের দাম রাখা হয়েছে যথাক্রমে ৩শ' ৯০, ৫শ' ৫০ ও ৩শ' ৭৫ টাকা।